# ভূমি সংস্কার বোর্ড

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## ভূমি উন্নয়ন কর ব্যবহার নির্দেশিকা - ভার্সনঃ ০৩

## Land Information Management System (LIMS)

কারিগরী সহযোগীতায়

Mysoftheaven
A complete IT solution

**মাইসফট হ্যাভেন (বিডি) লিঃ**

# সূচিপত্র


| ক্রম | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ১ | ভূমিকা | ০৩ |
| ২. | ভূমি উন্নয়ন কর সফটওয়্যারের উল্লেখযোগ্য বিশিষ্টসমূহ | **০৩** |
| ৩. | লগইন প্রক্রিয়া | ০৪ |
| ৪. | ভূমি উন্নয়ন কর মডিউল | ০৫ |
| ৫. | ভূমি উন্নয়ন কর ড্যাশবোর্ড | ০৬ |
| ৬. | রেজিস্টার-২ | |
| ৭. | হোল্ডিং এর তালিকা | ০৬ |
| ৮. | হোল্ডিং এন্ট্রি ফরম | ০৭ |
| ৯. | হোল্ডিং সংশোধন | ০৮ |
| ১০. | রেজিস্টার-৩ (দৈনিক আদায় এন্ট্রি) | ০৯ |
| ১১. | ভূমি উন্নয়ন কর পরিশোধের দাখিলা | ১০ |
| ১২. | রেজিস্টার-৩ (দৈনিক আদায় বই) | ১০ |
| ১৩. | রিটার্ন-৩ | ১১ |
| ১৪. | রেজিস্টার-৪ (ক্যাশ-বহি) | ১১ |
| ১৫. | রেজিস্টার-৫ (পাস-বহি) | ১২ |
| ১৬. | দৈনিক আদায় রিপোর্ট | ১২ |
| ১৭. | মাস ওয়ারী রিপোর্ট | ১৩ |
| ১৮. | ভূমি উন্নয়ন কর আপত্তি সমূহ | ১৩ |
| ১৯. | এস এম এস প্রেরণ | ১৪ |
| ২০. | এলডি ট্যাক্স ক্যালকুলেটর | ১৪ |
| ২১. | যোগাযোগ | ১৫ |

## ভূমিকা

বর্তমান সরকার ভূমি ব্যবস্থাপনাকে ডিজিটাইজেশনের মাধ্যমে জনগণের সেবাপ্রাপ্তি সহজিকরণে দৃঢ় প্রতিশ্রুতিবদ্ধ। সরকারের ভিশন ২০২১ অর্জন তথা 'ডিজিটাল বাংলাদেশ' বিনির্মাণে ভূমি সংশ্লিষ্ট সকল সেবা সল্প ব্যয়ে, সল্প সময়ে ও হয়রানিমুক্তভাবে জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়ার **লক্ষ্যে** ভূমি মন্ত্রণালয় ও ভূমি সংস্কার বোর্ড নিরলস কাজ করে যাচ্ছে। দেশের ৫১১টি উপজেলা ভূমি অফিসের অধীন ৩,৪৬২টি ইউনিয়ন ভূমি অফিসের মাধ্যমে প্রায় ৫ কোটি ভূমি উন্নয়ন কর আদায়যোগ্য হোল্ডিং থেকে প্রায় ৬০৬ কোটি টাকা ভূমি উন্নয়ন কর আদায় করা হয়ে থাকে, যেখানে সেবা গ্রহীতার সংখ্যা প্রায় ৩ কোটি ৬০ লক্ষ। এই বৃহৎ সংখ্যক ভূমি সেবা গ্রহীতাদেরকে সর্বোত্তম সেবা প্রদান করার **লক্ষ্যে** আবহমানকাল থেকে প্রচলিত পদ্ধতির পরিবর্তে ডিজিটাল পদ্ধতিতে ভূমি রাজস্ব আদায়ের নিমিত্ত ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যারটি চালু হয়েছে। **প্রকৃতপক্ষে**,ভূমি সংস্কার বোর্ড **কর্তৃক** ১০ টি মডিউল সমৃদ্ধ Land Information Management System (LIMS) নামক একটি সফটওয়ার তৈরি করা হয়েছে যার বাস্তবায়নের মাধ্যমে ভূমি সেবা শতভাগ অনলাইন ভিত্তিক হবেঃ

1) Mutation Management system
2) Mutation Review Management System
3) MICS Case management System.
4) LD Tax Management System
5) Online Budget Management System
6. Rent Certificate Management System
7. Employee Information Management System
8. Case Tracking Management System
9.Offline / Online Query Management system
10 . Monitoring Dashboard

## ভূমি উন্নয়ন কর সফটওয়্যারের উল্লেখযোগ্য বিশিষ্টসমূহ

- নাগরিক যেকোন সময়ে যেকোনো স্থান থেকে পোর্টাল, মোবাইল অ্যাপের মাধ্যমে ভূমি উন্নয়ন কর সংক্রান্ত তথ্য দেখতে পারবেন এবং ভূমি উন্নয়ন কর প্রদান করতে পারবেন।
- অনলাইন পেমেন্ট করার এবং অনলাইনে দাখিলা পাওয়ার সুযোগ।
- নাগরিকের যাতায়াত, সময় ও খরচ সাশ্রয় হবে।
- মোবাইল মেসেজের/ ইমেইলের মাধ্যমে হোল্ডিং মালিককে ভূমি উন্নয়ন কর সংক্রান্ত তথ্য অবগতকরণ।
- ইউনিয়ন/পৌর ভূমি অফিসের মাধ্যমে সকল মৌজাভিত্তিক তথ্য সংরক্ষন।
- ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা কর্তৃক সঠিক দাবি নির্ধারণপূর্বক ভূমি উন্নয়ন কর আদায় ও ব্যবস্থাপনা সহজ হবে।
- চলতি বছরের সর্বমোট দাবি, আদায় ও বকেয়ার তথ্য সহজে জানতে পারবেন।
- স্বয়ংক্রিয়ভাবে দাখিলা ও বিভিন্ন ধরণের লেজার তৈরি হওয়া।
- কেন্দ্রীয়ভাবে সকল কার্যক্রম নিয়ন্ত্রনের ব্যবস্থা।

## লগইন প্রক্রিয়াঃ

ভূমি উন্নয়ন কর সিস্টেমে প্রবেশ করার জন্য ব্রাউজারের এড্রেস বারে www.land.gov.bd লিখে পোর্টালে প্রবেশ করুন। **'অফিস কর্ণার'** মেনুতে ক্লিক করলে লগইন ফরমটি প্রদর্শিত হবে। নিচের **চিত্র-১** এর নির্দেশনা অনুসরণ করুন।

**বিঃ দ্রঃ** গুগল ক্রোম ব্রাউজারে ভালো পারফরমেন্স পেতে পারেন।

**ব্যাবহারকারীঃ** এই ইনপুট বক্সে ইউজারনেম সঠিকভাবে লিখুন।

**পাসওয়ার্ডঃ** এই ইনপুট বক্সে পাসওয়ার্ডটি সঠিকভাবে লিখুন।





উপরোক্ত ইনপুট বক্স দুইটিতে সঠিক তথ্য পূরণ করে এই **'প্রবেশ'** বাটনে ক্লিক করুন।

**চিত্র-১:** লগইন ফরম

## ভূমি উন্নয়ন কর মডিউলঃ

লগইন করার পর নিম্নের **চিত্র-২** এর ন্যায় ড্যাশবোর্ড ইন্টারফেসটি প্রদর্শিত হবে। ভূমি উন্নয়ন কর এর কার্যক্রম পরিচালনার জন্য বাম পাশের মেনু থেকে **ভূমি উন্নয়ন কর** মেনুতে ক্লিক করে মূল সিস্টেমে প্রবেশ করতে হবে।

**ভূমি উন্নয়ন কর** মেনু ক্লিক করে মূল সিস্টেমে প্রবেশ করুন।





**চিত্র-২:** ভূমি উন্নয়ন কর মডিউল

## ভূমি উন্নয়ন কর ড্যাশবোর্ডঃ

ড্যাশবোর্ড থেকে বিভিন্ন ধরণের চার্ট দেখতে পাবেন।

নিম্নের **চিত্র-৩** ভূমি উন্নয়ন কর ড্যাশবোর্ড অনুসরণ করুন।

**ন্যাভিগেশন মেনুঃ** বাম পাশের মেনু থেকে ক্লিক করে অন্যান্য লিংকে যেতে পারবেন।





**চিত্র-৩:** ভূমি উন্নয়ন কর ড্যাশবোর্ড

## রেজিস্টার-২ (হোল্ডিং এর তালিকা)

বাম পাশের মেনু থেকে **'রেজিষ্টার ২'** মেনুতে ক্লিক করলে নিম্নের চিত্রের ন্যায় প্রদর্শিত হবে। **চিত্র-৪** অনুসরণ করুন।

নতুন হোল্ডিং অনলাইনে এন্ট্রি করতে **'রেজিষ্টার-২ হোল্ডিং এন্ট্রি'** এই বাটনে ক্লিক করুন।

হোল্ডিংয়ের তালিকা থেকে নির্দিষ্ট হোল্ডিং খুজে নিতে হোল্ডিং নং / খতিয়ান / দাগ নাম্বার দিয়ে অনুসন্ধান করুন।




এই বাটন গুলোতে ক্লিক করে হোল্ডিং এর বিস্তারিত তথ্য দেখা, সংশোধন এবং স্থগিত করতে পারবেন।

**চিত্র-৪:** রেজিস্টার-২ (হোল্ডিং এর তালিকা)


## রেজিস্টার-২ (হোল্ডিং এন্ট্রি ফরম)

নতুন হোল্ডিং অনলাইনে এন্ট্রি করতে **রেজিষ্টার-২ হোল্ডিং এন্ট্রি** এই বাটনে ক্লিক করলে নিচের চিত্রের ন্যায় প্রদর্শিত হবে। **চিত্র-৫** অনুসরণ করুন।

মালিকের বই নং-২ থেকে মৌজা, বর্তমান হোল্ডিং নং, হোল্ডিং টাইপ এবং সর্বশেষ কর পরিশোধের সাল নির্ধারন করুন।

মালিকের বিবরণে নাম, পিতার নাম/ স্বামীর নাম এবং মোবাইল এই ফিল্ড গুলো অবশ্যই পূরণ করতে হবে। হোল্ডিং টাইপ সংস্থা হলে সংস্থার নাম লিখতে হবে।

একাধিক মালিক থাকলে জমির অংশ ১৬ আনার ভিত্তিতে সর্বমোট ১ অংশ হবে যেমন- ২ জন মালিক থাকলে ০.৫০+০.৫০ = ১ অংশ।




মালিকের বিবরণে '+' চিহ্নিত বাটনে ক্লিক করে একাধিক মালিকের তথ্য এন্ট্রি করতে পারবেন।


সর্বশেষ কর পরিশোধ সালের পর থেকে জমির ব্যবহার ভিত্তিক শ্রেণী একাধিক শ্রেণীতে পরিবর্তন হলে '+' চিহ্নিত বাটনে ক্লিক করে ব্যবহৃত শ্রেণী, পরিমান (শতক) এবং শুরু সাল ও শেষ সাল নির্বাচন করুন।

খতিয়ান নং ও দাগ নং একাধিক হলে '+' চিহ্নিত বাটনে ক্লিক করে এক বা একাধিক খতিয়ান, দাগ নং এন্ট্রি করতে পারবেন।

**চিত্র-৫:** অনলাইনে নতুন হোল্ডিং এন্ট্রি ফরম

## রেজিস্টার-২ (হোল্ডিং সংশোধন)

হোল্ডিং এর তালিকা থেকে **‘সংশোধন করুন’** বাটনে ক্লিক করলে নিচের চিত্রের ন্যায় প্রদর্শিত হবে। **চিত্র-৬** অনুসরণ করুন।




হোল্ডিং এর প্রয়োজনীয় তথ্য সংশোধন করে সংরক্ষন বাটনে ক্লিক করুন।

**চিত্র-৬:** হোল্ডিং এর তথ্য সংশোধন ফরম।

## রেজিস্টার-৩ (দৈনিক আদায় এন্ট্রি)

বাম পাশের মেনু থেকে রেজিষ্টার-৩ এর সাব মেনু **‘রেজিষ্টার-৩ (দৈনিক আদায় এন্ট্রি)’** লিংকে ক্লিক করলে নিচের চিত্রের ন্যায় প্রদর্শিত হবে। **চিত্র-৭** অনুসরণ করুন।




| জমির বিবরণ | | | | ভূমি উন্নয়ন কর | | | | | | | রেফারেন্স | | মন্তব্য | পরিবর্তনের সূত্র ও বিবরণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| খতিয়ান নং | দাগ নং | জমির পরিমাণ (শতক) | জমির শ্রেণী | তিন বৎসরের ঊর্ধ্ববকেয়া | ৩য় বৎসরের বকেয়া | ২য় বৎসরের বকেয়া | গত বৎসরের বকেয়া | সুদ | হাল | মোট দাবি | হোল্ডিং নং | দাগ নং | | |
| ২৪২ | ৪০৫ | ১৫ | বাড়ী | ০ | ১৫০ | ১৫০ | ১৫০ | ৬০ | ১৫০ | ৬৬০ | ০ | ০ | | |
| ২৪২ | ৪০৬ | ১৭ | নাল | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | | |
| ২৪২ | ৪০৭ | ৩ | নাল | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | | |
| | | | মোট দাবি | ০ | ১৫০ | ১৫০ | ১৫০ | ৬০ | ১৫০ | ৬৬০ | | | | |

| মালিকের নাম | পিতার নাম/ স্বামীর নাম | মোবাইল নং | ই-মেইল | জাতীয় পরিচয় পত্র/ জন্ম নিবন্ধন/ পাসপোর্ট | ঠিকানা | মালিকের অংশ | ছবি | ভূমি উন্নয়ন কর |
|---|---|---|---|---|---|---|---|---|
| ছৈয়দ আহাম্মদ জমির | ছৈয়দ আবদুল লতিফ | ০ | | | হাইলধর | ০.৫ | | বিস্তারিত |
| ছৈয়দ মোজাফ্ফর বায়েছ | ছৈয়দ আবদুল লতিফ | ০ | | | হাইলধর | ০.৫ | | বিস্তারিত |

| দাখিলা নং | তারিখ | মালিকের নাম | কাহার দ্বারা প্রদত্ত | মোট আদায় |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | ৪ অগ্রহায়ণ ১৪২৭ | সকল মালিক | কাহার দ্বারা প্রদত্ত | ০.০০ |

দৈনিক আদায় করার জন্য মৌজা ও হোল্ডিং নং দিয়ে অনুসন্ধান করুন।

ভূমি উন্নয়ন করের বিস্তারিত হিসাব এখানে দেখতে পাবেন।

যদি একজন মালিকের কর আদায় করা হয় ড্রপডাউন মেনু থেকে মালিকের নাম সিলেক্ট করুন। অন্যথায় সকল মালিক সিলেক্ট করা থাকবে। কাহার দ্বারা প্রদত্ত তাঁর নাম এবং আদায়ের পরিমাণ লিখে **‘সংরক্ষণ’** বাটনে ক্লিক করুন।

**চিত্র-৭:** রেজিস্টার-৩ (দৈনিক আদায় এন্ট্রি)

ভূ.উ.ক আদায় এন্ট্রি সফলভাবে সম্পন্ন হলে - স্বয়ংক্রিয়ভাবে দাখিলা তৈরি, রেজিষ্টার-২ হোল্ডিং এর দাবি , রেজিষ্টার-৩ (দৈনিক আদায় বই), রিটার্ন-৩, রেজিষ্টার-৪, দৈনিক আদায় রিপোর্ট এবং মাস ওয়ারী রিপোর্ট আপডেট হবে।

## ভূমি উন্নয়ন কর পরিশোধের দাখিলা/রসিদঃ


ভূ.উ.ক. পরিশোধ হলেই দাখিলা স্বয়ংক্রিয়ভাবে তৈরি হবে এবং প্রিন্ট বাটনে ক্লিক করে দাখিলা প্রিন্ট করা যাবে। নিম্নের **চিত্র-৮** এর মত দাখিলাটি প্রদর্শিত হবে।




**চিত্র-৮:** ভূমি উন্নয়ন কর দাখিলা

## রেজিস্টার-৩ (দৈনিক আদায় বই)

রেজিস্টার-৩ (দৈনিক আদায় বই) নিম্নের **চিত্র-৯** এর মত প্রদর্শিত হবে।



রেজিস্টার-৩ (দৈনিক আদায় বই)

| ক্রমিক নং | রেজিস্টার নং ২ মোতাবেক | | | ভূমি উন্নয়ন কর আদায় | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | দাখিলা নং ও তারিখ | হোল্ডিং নং | মালিকের নাম | তিন বৎসরের উর্ধ্ববকেয়া | ৩য় বৎসরের বকেয়া | ২য় বৎসরের বকেয়া | গত বৎসরের বকেয়া | সুদ | হাল | অগ্রিম | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ১ | ১২৪৬, ২৩/১০/২০১৯ | ১২৩ | বাংলাদেশ সরকার পক্ষে | ৫,৫৫৫ | ৯,৯৯৯ | ০ | ০ | ৬৬,৬৬৬ | ১১১ | ০ | ১,২৩২ |
| ২ | ৭, ০৩/১০/২০১৯ | ১২ | বাংলাদেশ সরকার পক্ষে | ৩,১৪৯.২৫ | ৩৫৬.২৫ | ০ | ০ | ১,৭০৮.০৭ | ১১৮.৭৫ | ০ | ২০,০০০ |
| ৩ | ১২৬৯, ০৩/১০/২০১৯ | ১২৩ | বাংলাদেশ সরকার পক্ষে | ৫,৫৫৫ | ৯,৯৯৯ | ০ | ০ | ৬৬,৬৬৬ | ১১১ | ০ | ৫০০ |
| ৪ | ১২৩১২৩, ০৩/১০/২০১৯ | ১১১ | বাংলাদেশ সরকার পক্ষে | ৩,১৪৯.২৫ | ৩৫৬.২৫ | ০ | ০ | ১,৭০৮.০৭ | ১১৮.৭৫ | ০ | ২০,০০০ |
| | | | মোট | ১৭,৪০৮.৫ | ২০,৭১০.৫ | ০ | ০ | ১,৩৬,৭৪৮.১৪ | ৪৫৯.৫ | ০ | ৪১,৭৩২ |

**চিত্র-৯:** দৈনিক আদায় বই

## রিটার্ন-৩

রিটার্ন-৩ স্বয়ংক্রিয়ভাবে তৈরি হবে। নিম্নের **চিত্র-১০** এর ন্যায় প্রদর্শিত হবে।

রিটার্ন-৩

রিটার্ন-৩

| ক্রমিক নং | মালিকের নাম | রেজিস্টার -২ বা রেজিস্টার -৬ এর ক্রমিক নং | অনাদায়ী ভূমি উন্নয়ন কর | | | | | | মোট | সার্টিফিকেট দায়ের করা হইয়াছে কিনা | সহকারী কমিশনার বা কালেক্টরের আদেশ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ৩য় বৎসরের উর্ধ্বে | ৩য় বৎসরের | ২য় বৎসরের | গত বৎসরের | সুদ | হাল | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| ১ | বাংলাদেশ সরকার পক্ষে | ১১১ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | | | |
| ২ | বাংলাদেশ সরকার পক্ষে | ১২ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | | | |
| ৩ | বাংলাদেশ সরকার পক্ষে | ১২৩ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | | | |
| ৪ | মোঃ হুমায়ূন কবীর | ১২৩১২৩ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | | | |
| ৫ | মোঃ হুমায়ূন কবীর | ২১৩১২ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | | | |
| ৬ | dsf | ২৩৪২৩৪ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | | | |
| ৭ | বাংলাদেশ সরকার পক্ষে | ৪২৩৪ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | | | |
| ৮ | sfds | ৪৫৩৬৫৬ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | | | |
| | | মোট | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | | | |

প্রিন্ট

**চিত্র-১০:** স্বয়ংক্রিয় রিটার্ন-৩

## রেজিস্টার-৪ (ক্যাশ-বহি)

রেজিস্টার-৪ (ক্যাশ-বহি) স্বয়ংক্রিয়ভাবে তৈরি হবে। নিম্নের **চিত্র-১১** এর ন্যায় প্রদর্শিত হবে।

রেজিস্টার-৪ (ক্যাশ-বহি)

২০১৯-০৭-০১ হতে ২০১৯-১০-০৬

ফলাফল

রেজিস্টার-৪ (ক্যাশ-বহি)

| ক্রমিক নং | প্রাপ্তির বিবরণ | মোট আদায় | মোট জমা | ট্রেজারীতে জমা করার যোগ্য টাকা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | সামসুল হক | ৪০,৫০০ | ৫,০০০ | ৩৫,৫০০ |
| | মোট | ৪০,৫০০ | ৫,০০০ | ৩৫,৫০০ |

প্রিন্ট

**চিত্র-১১:** স্বয়ংক্রিয় রেজিস্টার-৪ (ক্যাশ-বহি)

## রেজিস্টার-৫ (পাস-বহি)


রেজিস্টার-৫ (পাস-বহি) স্বয়ংক্রিয়ভাবে তৈরি হবে। রেজিস্টার-৫ (পাস-বহি) এন্ট্রি করার জন্য তারিখ, চালান নং, টাকার পরিমাণ ও মন্তব্য দিয়ে সংরক্ষণ করতে হবে। নিম্নের **চিত্র-১২** এর ন্যায় প্রদর্শিত হবে।




**চিত্র-১২:** স্বয়ংক্রিয় রেজিস্টার-৫ (পাস-বহি)

## দৈনিক আদায় রিপোর্টঃ


দৈনিক আদায় রিপোর্ট দেখার জন্য নির্দিষ্ট তারিখ নির্বাচন এবং নির্দিষ্ট মৌজা সিলেক্ট করে **'ফলাফল'** বাটনে ক্লিক করতে হবে। তালিকা প্রিন্টের জন্য প্রিন্ট বাটনে ক্লিক করতে হবে। নিম্নের **চিত্র-১৩** এর ন্যায় প্রদর্শিত হবে।




**চিত্র-১৩:** স্বয়ংক্রিয় দৈনিক আদায় রিপোর্ট

## মাস ওয়ারী রিপোর্টঃ


মাস ওয়ারী রিপোর্ট দেখার জন্য নির্দিষ্ট মাসের নাম, অর্থবছর এবং নির্দিষ্ট মৌজা নির্বাচন করে ফলাফল বাটনে ক্লিক করতে হবে। তালিকা প্রিন্টের জন্য প্রিন্ট বাটনে ক্লিক করতে হবে। নিম্নের **চিত্র-১৪** এর ন্যায় প্রদর্শিত হবে।




**চিত্র-১৪:** স্বয়ংক্রিয় মাস ওয়ারী রিপোর্ট

## ভূমি উন্নয়ন করের আপত্তি সমূহঃ


**'আপত্তি সমূহ'** মেনুতে ভূমি উন্নয়ন করের সকল আপত্তির তালিকা দেখা যাবে। আপত্তির বিস্তারিত দেখার জন্য **'বিস্তারিত'** বাটনে ক্লিক করুন। নিম্নের **চিত্র-১৫** এর ন্যায় প্রদর্শিত হবে।




**চিত্র-১৫:** আপত্তির বিস্তারিত

## এস এম এস প্রেরণঃ


এস এম এস প্রেরণের জন্য এস এম এস এর বিষয়বস্তু লিখে প্রাপকদের (হোল্ডিংয়ের মালিক) নির্বাচন করে **'এস এম এস প্রেরণ'** বাটনে ক্লিক করতে হবে। নিম্নের **চিত্র-১৬** এর মত প্রদর্শিত হবে।



**চিত্র-১৬:** এস এম এস প্রেরণ

## এলডি ট্যাক্স ক্যালকুলেটরঃ

**এলডি ট্যাক্স ক্যালকুলেটর** মেনু থেকে এলডি ট্যাক্স ক্যালকুলেটর ব্যবহার করে ভূমি উন্নয়ন করের হিসাব-নিকাশ বের করা যাবে। নিম্নের **চিত্র-১৭** এর ন্যায় প্রদর্শিত হবে।




**চিত্র-১৭:** এলডি ট্যাক্স ক্যালকুলেটর

## যোগাযোগঃ

ভূমি উন্নয়ন কর সফটওয়্যারটি পরিচালনা করতে কোনো ধরণের সমস্যার সম্মুখীন হলে কিংবা কোন জিজ্ঞাসা থাকলে উক্ত ঠিকানায় যোগাযোগ করুন।

**Dhaka Office**

**Mysoftheaven (BD) Ltd.**

19-B/2-C & 2-D, Block F, Level 5, Shyamoli, Dhaka-1207.

Tel: 02 58154393, 02 55020230

Cell: 01970776609, 01970776608, 01970776607

lims@mysoftheaven.com, mysoftheaven@gmail.com

www.mysoftheaven.com

# ধন্যবাদ

| Mysoftheaven (BD) Ltd. Corporate Profile | | |
|---|---|---|
| **Year of Establishment** | : | March 2009 |
| **Nature of Business** | : | Software Development, Web Application Development, Mobile App and Game Development, ICT Training , IT Consultancy, Research & Development and Outsourced project Development. |
| **Member** | : | Bangladesh Association of Software Information Service (BASIS) |
| **International Certification** | : | ISO 9001:2015 (Quality Management System) |
| **Number of Client** | : | Government : 55 Offshore: 122 Private: 312 |
| **Completed Project** | : | Government : 88 Offshore: 250+ Private: 700+ |
| **Offshore Client** | : | USA, Australia, UK , Canada and Iraq. |

**ভূমি সংক্রান্ত আমাদের অন্যান্য সার্ভিস :**

| নং | সফটওয়্যারের নাম | ক্লায়েন্ট নাম |
|---|---|---|
| ০১ | উত্তরাধিকার মোবাইল ও ওয়েব অ্যাপ | এক্সেস টু ইনফরমেশন (এটুআই) |
| ০২ | ই নামজারি সিস্টেম | ভূমি সংস্কার বোর্ড |
| ০৩ | নামজারি রিভিউ সিস্টেম | ভূমি সংস্কার বোর্ড |
| ০৪ | রেন্ট সার্টিফিকেট কেস ব্যবস্থাপনা | ভূমি সংস্কার বোর্ড |
| ০৫ | মিস কেস ব্যবস্থাপনা সিস্টেম | ভূমি সংস্কার বোর্ড |
| ০৬ | অনলাইন বাজেট ব্যবস্থাপনা সিস্টেম | ভূমি সংস্কার বোর্ড |
| ০৭ | হাটবাজার ব্যবস্থাপনা সিস্টেম | ডি ডি এল জি , নওগাঁ |
| ০৮ | ল্যান্ড লিজ ম্যানেজমেন্ট সিস্টেম | নাটোর জেলা পরিষদ |
| ০৯ | এমপ্লয়ী ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম | ভূমি মন্ত্রণালয় |
| ১০ | ভিপি ও খাস ল্যান্ড যাচাই মোবাইল অ্যাপ | ভূমি সংস্কার , ভূমি মন্ত্রণালয়। |
| ১১ | ভূমি সেবা মোবাইল অ্যাপ | ভূমি মন্ত্রণালয় |
| ১২ | ভূমি ও রেজিস্ট্রি সেবা মোবাইল অ্যাপ | সাব রেজিস্ট্রি অফিস , বাসাইল , টাঙ্গাইল |
| ১৩ | ভূমি উন্নয়ন কর ক্যালকুলেটর মোবাইল অ্যাপ | ভূমি সংস্কার বোর্ড |
| ১৪ | ভূমি উন্নয়ন কর মোবাইল অ্যাপ | ভূমি সংস্কার বোর্ড |
| ১৫ | দলিল ক্যালকুলেটর মোবাইল ও ওয়েব অ্যাপ | ডিপার্টমেন্ট অফ আই সি টি , আই সি টি ডিভিশন। |

**অন্যান্য কিছু গুরুত্বপূর্ণ ক্লায়েন্টসমূহঃ**